

# শিক্ষকদের উৎসব ভাতা বৃদ্ধি নিয়ে সুখবর দিলেন শিক্ষামন্ত্রী

অনলাইন ডেস্ক

প্রকাশ: ১৩ জুন, ২০২৬ ২০:১৮



শিক্ষামন্ত্রী আ ন ম এহছানুল হক মিলন বলেছেন, 'শিক্ষকদের উৎসব ভাতা ৫০ শতাংশ রয়েছে, সেটাকে শতভাগ করার জন্য আমাদের প্রস্তাব রয়েছে। ইতোমধ্যে ১০ শতাংশ চেয়েছিলাম।

এটা আগামী দিনে শুরু হবে। বাজেট হওয়ার পরে  
ক্রমান্বয়ে শতভাগ উৎসব ভাতা পাবেন।’

শনিবার (১৩ জুন) বিকেলে নারায়ণগঞ্জের  
সোনারগাঁওয়ের পঞ্চমীঘাট উচ্চ বিদ্যালয়ের চারতলা  
ভবনের উদ্বোধন অনুষ্ঠানে এ কথা বলেন তিনি।

শিক্ষামন্ত্রী বলেন, ‘প্রাথমিক স্কুলে হেডমাস্টারদের অভাব  
রয়েছে।

৩২ হাজার ৫০০ হেডমাস্টার নিয়োগের বিষয়টি আদালতে স্থগিত থাকার কারণে আমরা মামলাটি নিষ্পত্তি করার জন্য কাজ শুরু করেছি। বিভিন্ন ক্ষেত্রে মামলা জটিলতার জন্য আমরা দিতে পারছি না। সর্বমোট ৮৩ হাজার ৫০০ মামলা রয়েছে আমাদের শিক্ষা মন্ত্রণালয়ের বিরুদ্ধে। আমরা অ্যাটর্নি জেনারেল ও আইনমন্ত্রীর সঙ্গে যোগাযোগ করে মামলা নিষ্পত্তি করতে যাচ্ছি।

তিনি আরো বলেন, ‘তোমাদের শিক্ষাব্যবস্থা হতে হবে আনন্দময়। আমরা তোমাদের জন্য খেলাধুলা ও সাংস্কৃতিক অনুষ্ঠানের ব্যবস্থা করেছি। সোনারগাঁওয়ে একটি কারিগরি শিক্ষাপ্রতিষ্ঠান স্থাপনের কাজ চলছে। আগামীতে শিক্ষার বাজেট জিডিপির ৫ শতাংশে উন্নীত করা হবে।’